দর্শনা বাউল পরিষদের নসিমন সুন্দরী ঢাকা সোনারগাঁও এর মঞ্চে

দক্ষিণ অঞ্চলের ব্যাপক সাড়া জাগানো লোকজ ঘরানার পালা ” নসিমন সুন্দরী ” ঢাকা সোনারগাঁও লোক ও কারু শিল্প ফাউন্ডেশন মেলায় গত শুক্রবার রাতে মঞ্চস্থ হয়েছে।

জেলার একমাএ লোকজ সাংস্কৃতিক সংগঠন দর্শনা বাউল পরিষদের শিল্পীরা এ পালাটি পরিবেশন করেন। সোনারগাঁও এর ময়ুরপংখি মঞ্চে পালা শুরুর আগে মেলা পরিচালনা ও আয়োজক কমিটির সহকারি পরিচালক এম জামান খান বাউল পরিষদের শিল্পী কলাকুশলীদের পরিচয় করিয়ে দেন।

হাজার হাজার দর্শকদের উপস্থিতি ও আনন্দের মধ্যে ৩ ঘন্টায় পালাটি সম্পন্ন করা হয়। নসিমন সুন্দরী পালার পরিচালক নির্দেশক ও মিউজিসিয়ান এবং বাউল পরিষদের সভাপতি ও বিটিভির লোকসংগীত শিল্পী ধীরু বাউল জানান, মাটির গান ও সুরের কদর ছিলো, আছে, থাকবে যদি তার নিজেস্বতা না হারায়।

তারই প্রমান যে অজো পাড়া গাঁ গেরামের নসিমন সুন্দরী পালাটি রাজধানী শহরের ইট পাথরের মানুষেরা দেখে মুগ্ধ হলেন। শিল্পীদের উৎসাহ দিলেন এবং পালার নায়িকার চরিত্রে অভিনয় করা শিল্পীকে নগদ (অর্থ) বকশিষ দিলেন।

উল্লেখ ১৯৯৯ সালে দর্শনা আকন্দবাড়িয়া গ্রামে বাউল পরিষদ স্থাপিত হওয়ার পর থেকে হারিয়ে যাওয়া গ্রামবাংলার ঐতিহ্যবাহি যাত্রাপালা, লাঠিখেলা, লোকজপালা রুপবান, নসিমনসুন্দরী সাগরভাষা, গুনাইবিবি, জারিগান, ঝাপানগান, বাউলগান, লালনগান, পাগলাকানাইয়ের গান, মহররমের শোকনামা সহ লোকগানের বেশ কয়েকটি ধারা নিয়ে কাজ করে যাচ্ছেন।।

দেড়যুগ পর দামুড়হুদা উপজেলা আ’ লীগের ত্রি- বার্ষিক সম্মেলন

২০০৪ সালের এপ্রিল মাসে ৬৭ জন সদস্য নিয়ে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি গঠন হয়। তারপর থেকে দীর্ঘ দেড়যুগ পর আর কোন কমিটি হয়নি।

দীর্ঘ দেড়যুগ পর দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের ত্রি বার্ষিক সম্মেলন অনুষ্টিত হতে যাচ্ছে। আগামী ১৫ মার্চ মঙ্গলবার সকাল ১০ টায় দর্শনা পৌর অডিটোরিয়াম প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্টিত হবে।

এ সম্মেলনকে কেন্দ্র করে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের সর্বস্তরের নেতাকর্মীদের মধ্যে এক প্রকার উৎসবের আমেজ বিরাজ করছে।

এ সম্মেলনকে কেন্দ্র করে সভাপতি পদে বর্তমান দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক মাহফুজুর রহমান মনজু সভাপতি হিসাবে এগিয়ে আছে বলে জোর গুন্জন উঠছে।

তার প্রতিদ্বন্দী বর্তমান দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, হাউলী ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম,ও জুড়ানপুর ইউনিউনের চেয়ারম্যান সোহরাব হোসেন সভাপতি প্রাথী হয়ে প্রতিদন্দী করছে বলে জানা গেছে। সাধারন সম্পাদক পদে যারা প্রাথী হয়ে প্রতিদ্বন্দীতা করেছে তারা হলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, পারকৃন্ষপুর মদনা ইউনিউনের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম,দামুড়হুদা উপজেলার সাবেক চেয়ারম্যান আঃ আজিজ,আ’ লীগ নেতা আবু তালেপ,ও শহিদুল ইসলাম,প্রাথী হয়ে প্রতিদন্দী করবে বলে জানিয়েছে একটি সুত্র।

দীর্ঘ ১৮ বছর পর দলের সম্মেলন অনুষ্টিত হওয়ার ষোষনা এলে নেতা কর্মীদের মধ্যে গতি ফিরে আসে। শুরু হয় উৎসবের আমেজ।

দামুড়হুদা উপজেলা জুড়ে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। সম্মেলন মন্থস্থ পৌর শহর ও উপজেলার প্রধান প্রধান সড়ক সাজানো হবে বর্ণিল সাজে। সম্মেলন সফল করতে ইতিমধ্যেই প্রতিটি ইউনিয়নে বর্ধিত সভা অনুষ্টিত হয়েছে। দর্শনা পৌর অডিটোরিয়াম মিলানায়তনে তৈরি

করা হবে সম্মেলন মন্ঝ।

সম্মেলন সফল করতে দিনরাত কাজ করে যাচ্ছেন নেতা কর্মিরা। এদিকে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপির নির্দেশন নিয়ে আমরা দামুড়হুদা উপজেলাবাসি ঐক্যবদ্ধ হয়ে আওয়ামী লীগের সম্মেলন শতভাগ সফল হবে বলে জনান প্রাথীরা।

অপরদিকে এমপি আলী আজগার টগর বলেন দামুড়হুদা উপজেলায় কোন প্রকার দলীয় কোন্দল নেই। এই কমিটি দেশনেত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করবে এবং আওয়ামী লীগকে আরও বেগবান করে তুলবে।

আলমডাঙ্গায় নিখোঁজের ৯ দিন পরও স্ত্রী ও ছেলের সন্ধান মেলেনি

স্ত্রী ও ছেলেকে হারিয়ে পথে পথে দিন মজুর পিতা নান্নু রহমান। সকাল থেকে রাত পর্যন্ত জেলা ও উপজেলার বিভিন্ন প্রান্তরে খুঁজে ফিরছে তার স্ত্রী লিপি খাতুন (২৭) ও ছেলে লিংকন (৭)।

গত ৩ মার্চ বাড়ি থেকে হাটবোয়ালিয়া বাজারে উদ্দেশ্য বের হয়ে আর ফিরে আসেনি তার স্ত্রী ও সন্তান। এ ঘটনায় গত ৬ মার্চ দিনমজুর নান্নু রহমান বাদি হয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডাইরী করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া গ্রামের দিনমজুর নান্নুর স্ত্রী লিপি খাতুন ও ছেলে লিংকনকে সাথে নিয়ে হাটবোয়ালিয়া বাজারে যায়। সন্ধ্যা হলেও বাড়ি ফেরেনি দুজন।

পরের দিন থেকে তার নিকটতম আত্নীয়র বাসায় খোঁজখবর নিলেও তাদের কোন সন্ধান পাওয়া যায় না। দুজনের অজান্তে নিখোঁজের ঘটনায় গত ৬ মার্চ নান্নু বাদি হয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডায়েরি করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

৩০৪ তম জন্ম বার্ষিকী পালিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার জোড়াদাহ ইউনিয়নের লালন একাডেমী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে সিরাজ সাঁইজির ৩০৪ তম জন্ম বার্ষিকী পালিত হয়েছে।

জোড়াদাহ ইউনিয়নের চেয়ারম্যান জাহিদুল ইসলাম বাবু (মিয়ার) সভাপতিত্বে শনিবার বিকালে সিরাজ সাঁইজির ৩০৪ তম জন্ম বার্ষিকী উপলক্ষে প্রধান অতিথী হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ঝিনাইদহ ২ আসনের সংসদ সদস্য এমপি তাহজিব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথী হিসেবে বক্তব্য রাখেন, থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা, চাঁদপুর ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, ফলসী ইউপি চেয়ারম্যান বজলুর রহমান, কাপাশহাটীয়া চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, ভায়না ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা তুষার, রঘুনাথপুর ইউপি চেয়ারম্যান বসির উদ্দীন,তাহেরহুদা ইউপি চেয়ারম্যান মনজুর রাশেদ,দৈলৎপুর ইউপি চেয়ারম্যান আবুল কালাম আআজাদ,জোড়াদাহ ইউনিয়নের চেয়ারম্যান জাহিদুল ইসলাম বাবু মিয়া,প্রধান শিক্ষক আনোয়ার হোসেন সহ স্থানীয় গণমাণ্য ব্যাক্তিবর্গ সহ আরও অনেকেই।

জানা গেছে সিরাজ সাঁই ছিলেন বাংগালী বাউল সাধক এবং দার্শনিক। তিনি কখনো দরবেশ সিরাজ কখনো সিরাজ সাঁই নামেও পরিচিত ছিলেন। তাছাড়া তিনি বাউল গানের প্রবক্তাদের মধ্যেও তার নাম উল্লেখ্যযোগ্য।

বাউল সম্রাট লালন শাহ তারই নিকট বাউল ধর্মে দীক্ষিত হয়। জীবদ্দশাতে লালন শাহ তার অনেক গানে সিরাজ সাঁইয়ের কথা শুনা গেছে। লালনগুরু হিসাবে পরবর্তীতে পরিচিতি লাভ করেন। তিনি ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার হরিশপুর গ্রামে সিরাজ সাঁইয়ের সমাধি অবস্থিত।

অনুষ্ঠানে উল্লেখ্যযোগ্য আলোচকবৃন্দের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ইসলামী বিশ্ব বিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর ড.শেখ মোহাম্মদ রেজাউল করিম, মো: রশিদুজ্জান এবং সরকারী লালনশাহ কলেজের, অবসরপ্রাপ্ত অধ্যক্ষ খন্দকার কেরামত আলী।

হরিনাকুন্ডুতে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা পুরস্কার বিতরণী অনুষ্ঠান

ঝিনাইদহের হরিনাকুন্ডু সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩৯তম বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সেলিম আহমেদ সহকারী কমিশনার (ভূমি), উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ডাঃ মো: জামিনুর রশিদ, হরিনাকুন্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল রহমান উপ-সহকারী শিক্ষা প্রকৌশলী হাদিউজ্জামান, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক সাইফুজ্জামান তাজু।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হরিনাকুন্ডু সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) নাজমা সামাওয়াত।

এসময় কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান, পুরস্কার বিতরণ,সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গাংনীর কৃষকদের দুয়ারে ভ্রাম্যমাণ কৃষি হাসপাতাল

ফল মুল শাক সবজিসহ গাছ গাছালীর রয়েছে নানা ধরণের রোগ বালাই। আর এসব রোগ বালাই দূরীকরণে মেহেরপুরের গাংনীতে চালু করা হয়েছে ভ্রাম্যমাণ কৃষি হাসপাতাল।

এখান থেকে পরামর্শ নিয়ে উপকৃত হচ্ছেন কৃষাণ কৃষাণীরা। কৃষি বিভাগের দাবী, জেলায় এই প্রথম চালু করা হলো ভ্রাম্যমান কৃষি হাসপাতাল। এটি একটি ব্যতিক্রমি উদ্যোগ। কৃষি হাসপাতালের মাধ্যমে এখানকার কৃষি উৎপাদনে প্রতিবন্ধকতা দুর হওয়ার পাশাপাশি কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে।

গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের প্রায় প্রতিটি বাড়িতেই রয়েছে পারিবারিক পুষ্টি বাগান। গৃহবধুরা সংসারের কাজকর্ম শেষে স্থানীয় কৃষি পাঠাগার থেকে পরামর্শ নিয়ে গড়ে তুলেছেন পুষ্টি বাগান। বাড়ির আঙ্গীনায় গড়ে তোলা পুষ্টি বাগানে রোগ বালাই দেখা দেখা দেয়ায় ভ্রম্যমাণ কৃষি হাসপাতালের উপসহকারী কৃষি অফিসার বকুল হোসেনের কাছে পরামর্শ নিতে আসেন। বকুল হোসেন পরামর্শ ও পরবর্তী করণীয় বিষয়ে পরামর্শ দেন।

এমনকি বাড়ি বাড়ি গিয়েও পুষ্টি বাগান দেখে পরামর্শ দেন এই কৃষি কর্মকর্তা। এতে উপকৃত হচ্ছেন কৃষাণীরা। তারা ফল ও সবজির পোকা মাকড় দমনের জন্য বিষটোপ তৈরি, অন্যান্য ক্ষতিকর পোকা দমনের জন্য জৈব বালাইনাশক তৈরির কৌশল শিখে এবং রাসায়নিক সারের ব্যবহার বন্ধ করে জৈব সারে সবজি উৎপাদন করার পরামর্শ দিচ্ছেন। রোগ-বালাই হলে কোন সময় কোন ওষুধ দিতে হবে সেই পরামর্শ নিচ্ছেন তারা।

বাড়িতে সবজি বাগান করার পরামর্শের জন্য আসা গৃহবধু রুবিনা খাতুন বলেন,আগে কৃষি সম্পর্কে পরামর্শ নিতে হলে শহরে যেতে হতো। এখন কৃষকদের বাড়িতেই ছুটে আসছেন কৃষি কর্মকর্তারা। কলেজ ছাত্রী খুশি জানান, আমরা লেখাপড়ার পাশাপাশি পতিত জমিতে কীটনাশক মুক্ত সবজি চাষ করেছি। এখানে কৃষি অফিসের মাধ্যমে পরামর্শ নিয়ে এবছর অনেক ভাল সবজি হয়েছে। যা নিজের বাড়ির চাহিদা মিটিয়ে বিক্রি করা হলে মোটা অংকের টাকা আয় হবে। শুধু খুশিই নয়, ভ্রাম্যমাণ হাসপাতালের পরামর্শ নিয়ে উপকৃত হচ্ছেন অনেকেই এমন কথা জানান গৃহবধু রুমা,রুপালী ও আছিয়া খাতুন।

উপ-সহকারী কৃষি কর্মকর্তা বকুল হোসেন জানান,জৈব কৃষির বিস্তার অতিদ্রুত গ্রামীণ জনগষ্ঠীর দারপ্রান্তে পৌছানোর লক্ষ্যে পরামর্শ প্রদান করছি। এখানে পাঠাগার থেকে পুষ্টি বাগান করা ও বালাই দূর করাসহ জৈবসার তৈরী ও ব্যবহার বিধি শেখানো হয়। ফলে গ্রাম অঞ্চলের মানুষ কম খরচে বিষমুক্ত নতুন নতুন জাতের ফল উৎপাদন করছেন। পরিবারের চাহিদা মিটিয়ে কালেকশন পয়েন্টের মাধ্যমে বাজার জাত করে কৃষক কৃষাণীরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হচ্ছে। তিনি আরও

বলেন- নতুন নতুন ফলের জাত আলু বোখারা, জাবাটিকাবা, শরিফা, এলাচ চাষ সম্প্রসারণ করা হচ্ছে এখানে।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা লাভলী খাতুন জানান,এখানকার মাটিতে সব ধরনের ফসল উৎপাদন হয়। কৃষি নিয়ে কৃষকদের সবসময়ই পরামর্শ দেয়া হয় সবসময়। কৃষিতে আরও সমৃদ্ধ করার জন্য ভ্রাম্যমাণ হাসপাতালের মাধ্যমে কৃষকদেরকে পরামর্শ দেয়া হচ্ছে। ভালো সাড়া পাওয়া গেছে। পর্যায়ক্রমে সব ব্লকেই ভ্রাম্যমান কৃষি হাসপাতালের মাধ্যমে পরামর্শ দেওয়া হবে।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচন ১৪ মার্চ

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন আগামি ১৪ মার্চ সোমবার অনুষ্ঠিত হবে।

গতকাল শুক্রবার মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের ত্রি-বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার আবদুল্লাহ আল আমিন ধুমকেতু স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

প্রজ্ঞপনে বলা হয়েছে, গত ২৪ ফ্রেব্রুয়ারি মেহেরপুর জেলা জজ আদালতের আদেশের প্রেক্ষিতে ২৮ ফেব্রুয়ারির নির্বাচন স্থগিত করা হয়। পরবর্তিতে ৮ মার্চ বাংলাদেশ সু্প্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন নিম্ম আদালতের স্থগিতাদেশ তিন মাসের জন্য স্থগিত ঘোষণা করেন।

প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, নির্বাচন সংক্রান্ত সকল প্রস্তুতি সম্পন্ন থাকায় এবং উচ্চ আদালত স্থগিতাদেশ তিন মাসের জন্য স্থগিত ঘোষণা করায় আগামী ১৪ মার্চ সোমবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতীহীনভাবে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের শুধুমাত্র সভাপতি পদে দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে।

প্রসঙ্গত, গত ২৮ ফেব্রুয়ারি মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের

নির্বাচনের দিন ধার্য ছিল। সাধারণ সম্পাদকসহ অন্যান্য সকল পদে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছেন। শুধুমাত্র সভাপতি পদে দুই জন প্রার্থী থাকায় নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করেন নিবার্চন কমিশন। সভাপতি পদে বর্তমান সভাপতি গোলাম রসুল ও এসকেন আলী প্রতিদ্বন্দীতা করেন। নির্বাচনের আগে ২৪ ফেব্রুয়ারি মেহেরপুর জেলা জজ আদালতে নির্বাচন স্থগিত চেয়ে আবেদন করেন সভাপতি প্রার্থী এসকেন আলী। তাঁর আবেদনের প্রেক্ষিতে আদালত নির্বাচন স্থগিতের আদেশ দেন।

সভাপতি নূরুল আহমেদ সম্পাদক বিপ্লব

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর পৌর কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে সাহিত্যিক, প্রাবন্ধীক ও সংগঠক নূরুল আহমেদ সভাপতি ও প্রভাষক মোস্তাফিজুর রহমান বিপ্লবকে সাধারণ সম্পাদক পদে মনোনীত করা হয়।

শুক্রবার বিকাল ৪টার সময় জেলা শিল্পকলা একাডেমী, মেহেরপুর এর অডিটোরিয়াম কক্ষে প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে সাহিত্যিক, প্রাবন্ধীক ও সংগঠক নূরুল আহমেদ সভাপতি ও প্রভাষক মোস্তাফিজুর রহমান বিপ্লবকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর পৌর কমিটি গঠণ করা হয়।

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর পৌর কমিটি গঠন ও আলোচনাসভায় উপস্থিত ছিলেন- প্রফেসর সাইদুর রহমান, আলামিন হোসেন, সৈয়দ এহসানুল কবীর, এম. এ হাসান সুমন, তারিকুল ইসলাম রাজিব, ফেরদৌস, শামীম হাসান, আব্দুস সামাদ, সাইদুল আলম, এম.এন. কে সোহেল মল্লিক, মোস্তাফিজুর রহমান বিপ্লব, সামসুল আরিফিন, কে.এম বদরুল হাসান বাবু, মাহাবুব আলম, মামুনুর রহমান, মিনারুল ইসলাম, সোহাগ আহম্মেদ, মোঃ হিরা, সাবিদ খান, সৈয়দ হামীম আল কবীর, আসিফ সাজ্জাদ চন্দন, আহসান হাবিব, রকিবুজ্জামান, শেখ সোহরাওয়ার্দী, আক্তাজ্জামান, এম. সোহেল রানা, কাজী মতিনুল

ইসলাম, মকলেছুর রহমান খোকন, কে এম নূরুল হাসান রঞ্জু, মকলেছুর রহমান, আব্দুস সাত্তার, রোকসানা কামাল প্রমূখ।